



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল  
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১০১

তারিখ: ১০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

### সার্কুলার

বিষয়: ই-জিপি সিস্টেমের চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (e-CMS) ব্যবহারপূর্বক iBAS++ এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বিল প্রদান প্রসঙ্গে।

ই-জিপি সিস্টেমে আহবানকৃত দরপত্রসমূহের চুক্তি ব্যবস্থাপনার জন্য e-CMS মডিউল অর্ন্তভুক্ত রয়েছে। বর্তমানে e-CMS মডিউলের সাথে iBAS++ এর ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে যার ফলে ঠিকাদারকে প্রদত্ত বিল e-CMS এবং iBAS++ সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে প্রদান করা যায়। দেশের ক্রয়কারী অন্যান্য কয়েকটি সংস্থা ইতোমধ্যে e-CMS এর মাধ্যমে চুক্তি ব্যবস্থাপনা কার্যকর করে iBAS++ এর মাধ্যমে বিল পরিশোধ করছে। বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথোরিটি এর আধা সরকারি পত্র নং-২১.০০.০০০০.৩৯১.০৭.১৩০.২২(অংশ-১).৭৯৩/১০ তারিখঃ ১১/০৯/২০২৫ খ্রিঃ মোতাবেক বাপাউবো'তে e-CMS এর মাধ্যমে চুক্তি ব্যবস্থাপনার পাশাপাশি iBAS++ সিস্টেমের মাধ্যমে বিল প্রদান কার্যক্রম চালুকরণের উদ্যোগ গ্রহণের জন্য মহাপরিচালক, বাপাউবো মহোদয়কে অনুরোধ করা হয়েছে। সে প্রেক্ষিতে বাপাউবো'র মাঠ পর্যায়ের সকল ক্রয়কারীর দপ্তরের উন্নয়ন/পরিচালন ও রক্ষণাবেক্ষণ বাজেটের চুক্তি ব্যবস্থাপনা ও বিল প্রদান কার্যক্রম e-CMS এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। সে প্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থ-বছরে বাপাউবো'র মাঠ পর্যায়ের সকল ক্রয়কারীর দপ্তরের উন্নয়ন/পরিচালন ও রক্ষণাবেক্ষণ বাজেটের নূন্যতম ৪টি প্যাকেজের চুক্তি ব্যবস্থাপনা ও বিল প্রদান কার্যক্রম e-CMS এর মাধ্যমে সম্পন্নের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। প্যাকেজ বাছাইয়ের ক্ষেত্রে যে সকল প্যাকেজের অদ্যবধি বিল প্রদান করা হয়নি সে সকল প্যাকেজ বিবেচনা করতে হবে এবং কোনো ক্রয়কারীর দপ্তরে উন্নয়ন প্রকল্পের নতুন কোনো প্যাকেজ না থাকলে পরিচালন ও রক্ষণাবেক্ষণ বাজেটের আওতায় ৪টি প্যাকেজ বাছাই করতে হবে।

৩। যে ৪টি প্যাকেজের চুক্তি ব্যবস্থাপনা ও বিল প্রদান e-CMS এর মাধ্যমে করা হবে তা অত্র দপ্তরে ই-মেইলে ([se.cpc.bwdb@gmail.com](mailto:se.cpc.bwdb@gmail.com)) এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ সার্কুলারটি জারী করা হলো।

২৫-০৯-২০২৫  
মোঃ হাফিজুল আলম  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)  
০২২২২২৩০০১৫  
[se.cpc.bwdb@gmail.com](mailto:se.cpc.bwdb@gmail.com)

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ..... , বাপাউবো।
- ২। প্রকল্প পরিচালক (সকল)..... , বাপাউবো।
- ৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ..... , বাপাউবো।
- ৫। পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৬। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। নির্বাহী প্রকৌশলী (সকল), ..... , বাপাউবো।
- ৯। উপ-পরিচালক/ সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাবকেন্দ্র (সকল), ..... , বাপাউবো।
- ১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ), বাপাউবো, পানি ভবন, ঢাকা।।

